

সূত্র

প্রিন্ট: ২৭ নভেম্বর ২০২৫, ০৩:২৭ পিএম

ক্যাম্পাস

বিজয় ২৪ হলে র্যাগিং: তিন শিক্ষার্থীকে বহিষ্কার, ৯ জনকে শোকজ



রংপুর ব্যুরো

প্রকাশ: ২৭ নভেম্বর ২০২৫, ০৩:৫৮ এএম



X

ফাইল ছবি

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) র‍্যাগিংয়ের ঘটনায় তিন শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে শাস্তি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এছাড়া একই অভিযোগে আরও নয় শিক্ষার্থীকে অভিভাবকসহ কারণ দর্শানোর নোটিশ পাঠানো হয়েছে।

বুধবার (২৬ নভেম্বর) বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের ১১৮তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

বহিষ্কৃতরা হলেন- মামুন মিয়া ও রাফি আহমেদ; তাদের দুই শিক্ষাবর্ষের জন্য বহিষ্কার করা হয়েছে এবং আজিজুল হাকিম; যাকে এক শিক্ষাবর্ষের জন্য বহিষ্কার করা হয়েছে।

অভিযোগ সূত্রে জানা যায়, রোববার রাত ১২টার দিকে বাংলা বিভাগের ২৩-২৪ সেশনের (১৬ ব্যাচ) কয়েকজন শিক্ষার্থী একই বিভাগের ২৪-২৫ সেশনের (১৭ ব্যাচ) শিক্ষার্থীদের হলের ছাদে ডেকে নেয়। একপর্যায়ে র‍্যাগিংয়ের নামে ১৬ ব্যাচের শিক্ষার্থী মামুন, ১৭ ব্যাচের দীন ইসলামকে মারধর করেন। এতে দীন ইসলামের অবস্থা গুরুতর হলে বিষয়টি জানানো হয়। সাংবাদিকরা ঘটনাস্থলে পৌঁছালে অভিযুক্তরা র‍্যাগিংয়ের বিষয়টি আড়াল করার চেষ্টা করে ব্যর্থ হয়। পরে সাংবাদিকদের সহায়তায় তার কয়েকজন সহপাঠী তাকে হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসক তাদের জানায়, কানে আঘাতের ফলে কানের পর্দা ফেটে গেছে দীন ইসলামের।

ঘটনার পর বিশ্ববিদ্যালয় হল প্রশাসন তিন সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করে। কমিটির আহ্বায়ক বিজয় ২৪ হলের সহকারী প্রভোস্ট ড. এটিএম জিন্নাতুল বাসার, সদস্য সাইফুদ্দীন খালেদ এবং আরেক সদস্য বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর মো. ফায়সাল আলম। তাদের তদন্ত প্রতিবেদনের আলোকে সিন্ডিকেট সভা অভিযুক্তদের বিরুদ্ধে এই শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে উপাচার্য ড. মো. শওকাত আলী বলেন, গত ২৩ নভেম্বরে বিজয় ২৪ হলের ছাদে যে র‍্যাগিংয়ের ঘটনা ঘটেছে তা পত্রপত্রিকা ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত হয়েছে। এই ঘটনায় আমরা মর্মান্বিত এবং তীব্র নিন্দা জানাই।

তিনি বলেন, হাইকোর্ট ও ইউজিসির নির্দেশনার আলোকে র্যাগিংবিরোধী বিভিন্ন প্ল্যাকার্ড বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সজ্জিত রয়েছে। র্যাগিং এ যৌন হয়রানির বিষয়ে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়সহ দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় জিরো টলারেঞ্জ নীতি অনুসরণ করছে।

উপাচার্য বলেন, ঘটনার পরপরই ২৪ ঘণ্টার নোটিশে আমরা একটি তদন্ত কমিটি গঠন করি। তদন্ত কমিটির প্রতিবেদন বুধবার সকাল ১১টায় শৃঙ্খলা কমিটিতে উপস্থাপন করা হয়। সবার সম্মতিক্রমে আজকের এই শাস্তির সিদ্ধান্ত গৃহীত হয়েছে।